তারিখ 18 MAR 1990
পৃষ্ঠা... ২ ... ১

দৈনিক বাংলা

৪৯

# ভার্সিটি খুলতে রোজার আগেই সন্ত্রাসকারীদের গ্রেফতার করুন ঃ ভিসি মান্নান

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান শীঘ্র বিশ্ববিদ্যালয় খোলার লক্ষ্যে আসন্ন রোজার ছুটির আগেই সন্ত্রাসকারীদের গ্রেফতার ও সন্ত্রাসী তৎপরতার বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি আহবান জানিয়েছেন।

গতকাল এক বিবৃতিতে ভাইস চ্যান্সেলর এই আহবান জানান।

(৫-এর পৃঃ দ্রঃ)

## ভিসি মান্নান

(প্রথম পৃঃ পর)

তিনিবলেন, সম্প্রতি ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা চলাকালে ছাত্র-শিক্ষক ও কর্মচারীদের নিরাপত্তার কথা ভেবে বিশ্ববিদ্যালয় তাৎক্ষণিকভাবে বন্ধ করে দেয়া ছাড়া সিন্ডিকেটের সামনে কোন বিকল্প ছিল না।

প্রফেসর মান্নান বলেন, কতিপয় সন্ত্রাসীর সশস্ত্র ও সহিংস তৎপরতার কারণেই শিক্ষার স্বাভাবিক কার্যক্রম পুণরায় মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। ছাত্র-ছাত্রী, অভিভাবক তথা গোটা জাতির উপর এর বিরূপ প্রভাব পড়বে। এ অবস্থা কোন ক্রমেই অভিপ্রেত নয়।

তিনি আরও বলেন, অনতিবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলা ও শিক্ষা কার্যক্রম শুরু করার প্রয়োজনীয়তা আমরা সবাই তীব্রভাবে অনুভব করছি। তবে বিশ্ববিদ্যালয় খোলার পর আবার যাতে মূল্যবান জীবন নষ্টসহ অনুরূপ অনভিপ্রেত ঘটনার কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিতে না হয় তার জন্য প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা একান্ত আবশ্যক।

বিশ্ববিদ্যালয় খোলার অনুকূল পরিবেশ সৃষ্টির ব্যাপারে কর্তৃপক্ষের সকল প্রচেষ্টা চালানোর কথা উল্লেখ করে ভাইস চ্যান্সেলর বলেন, বাস্তব কারণেই বিশ্ববিদ্যালয় প্রশাসনের একার পক্ষে সন্ত্রাস মোকাবিলা করা সম্ভব নয়।

ভিসি প্রফেসর আবদুল মান্নানের পদত্যাগের জন্য জাতীয়তাবাদী ছাত্রদলের দাবীর সাথে ৯ ছাত্র সংগঠন একাত্মতা প্রকাশ করায় ছাত্রদল তাদেরকে অভিনন্দন জানিয়েছে। শনিবার ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে কলা ভবনে আয়োজিত এক সভায় এই অভিনন্দন জানানো হয়। শফিক আহমেদ রানার সভা-পতিত্বে এ সভায় বক্তৃতা করেন গৌমত মিত্র, খন্দকার জাহাঙ্গীর আলম প্রমুখ।

ছাত্রদল নেতৃবৃন্দ আরিফ, লিটন হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি ও বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসের সাথে জড়িতদের গ্রেফতার ও বিচার দাবী করেন।